

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৭

শান্তিরবাজার, ৪ জানুয়ারি, ২০২৪

কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প নিয়ে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক
পর্যালোচনা সভায় কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত সংকল্প যাত্রার উদ্দেশ্য যারা এখনও সরকারি প্রকল্প থেকে বঞ্চিত রয়েছেন তাদের কাছে প্রকল্পগুলির সুবিধা পৌঁছে দেওয়া। জনকল্যাণে গৃহীত প্রকল্পগুলির সুবিধা রাজ্যের প্রতিটি মানুষ যাতে পায় তার ব্যবস্থা করতে প্রশাসন ও জনপ্রতিনিধিদের যৌথভাবে কাজ করতে হবে। আজ জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতি হলে দক্ষিণ জেলাভিত্তিক প্রশাসনিক সভায় কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। বিকশিত ভারত সংকল্প যাত্রায় ১৭টি কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। সভায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী উন্নয়ন কর্মসূচি রূপায়ণে জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয় গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত, এমডিসি কংজং মগ, এমডিসি সঞ্জীব রিয়াং, বিলেনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল গোপ, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, সারুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদার। এছাড়াও সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সাজু বাহিদ এ সহ জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ, বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের সরকারি আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার এমজিএন রেগা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, বন দপ্তর, কৃষি দপ্তর, মৎস্য দপ্তর, গ্রামোন্নয়ন দপ্তর, স্বাস্থ্য দপ্তর সহ বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজ কর্মের পর্যালোচনা করা হয়।
